

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আবদুল গণি রোড, ঢাকা-১০০০।
www.rd.gov.bd

স্মারক নম্বর-১০.০৫.০০০০.০০১.১৯.০০৫২৬-৯৫৬


তারিখ:- ১৪/০৬/২০২৬

বিষয়: মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩৮ এর বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন প্রসঙ্গে।

সূত্র: আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৭ এর স্মারক নং-১০.০০.০০০০.১৩১. ১১.০১. ৯৫(১)-৭৮, তারিখ: ০৩-০৬-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লিখিত স্মারকে প্রাপ্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিবছর ৩১ শে মার্চের মধ্যে পূর্ববর্তী বছরের বিবাহ ও তালাকের উপাত্ত সম্বলিত প্রতিবেদন সরকারের নিকট দাখিল করার আইনগত বাধ্যবাধকতা থাকায় মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩৮ এর বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালনের উদ্দেশ্যে সকল জেলা রেজিস্ট্রারকে নিকাহ রেজিস্ট্রারদের প্রতি নিকাহ ও তালাকের উপাত্ত সম্বলিত বাৎসরিক প্রতিবেদন যথাসময়ে দাখিলের নির্দেশনাসহ পত্র জারী করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্ত-০১(এক)


14.6.26

(কাজী আবদুল হান্নান)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

জেলা রেজিস্ট্রার(সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

ইমেইল: section7@lawjusticediv.gov.bd

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৩ জুন ২০২৬

বিষয়ঃ মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩৮ এর বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩৮ এ নিকাহ ও তালাকের উপাত্ত সংগ্রহ সম্পর্কিত বিধান বর্ণিত আছে। উক্ত বিধি অনুযায়ী প্রত্যেক নিকাহ রেজিস্ট্রার প্রতিবছর ৩১ শে জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার এর নিকট পূর্ববর্তী বছর তিনি যে সকল বিবাহ ও তালাক নিবন্ধন করেছেন তার তালিকা প্রতিবেদন আকারে দাখিল করার এবং জেলা রেজিস্ট্রার এরূপ প্রতিবেদন প্রাপ্তির পর তার জেলায় অনুষ্ঠিত বিবাহ ও তালাকের সকল তালিকা একত্র করে ২৮ ফেব্রুয়ারির মধ্যে সংকলিত তালিকার একটি প্রতিবেদন মহা-পরিদর্শক, নিবন্ধন এর নিকট দাখিল করাসহ এর একটি কপি ডেপুটি কমিশনারের নিকট প্রেরণ করার এবং মহা-পরিদর্শক, নিবন্ধন বিবাহ ও তালাকের একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করতঃ তা প্রতিবছর ৩১ শে মার্চের মধ্যে সরকারের নিকট দাখিল করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে।

অতএব, সংশ্লিষ্ট সকলকে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩৮ এর বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

একইসাথে, বিধি ৩৮ এর বিধান যথাযথভাবে প্রতিপালনের উদ্দেশ্যে নিবন্ধন অধিদপ্তর থেকে দেশের সকল জেলা রেজিস্ট্রার এবং নিকাহ রেজিস্ট্রারদের প্রতি নিকাহ ও তালাকের উপাত্ত সম্বলিত প্রতিবেদন যথাসময়ে দাখিলের নির্দেশনাসহ পত্র ইস্যু করতে মহা-পরিদর্শক, নিবন্ধন-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আবদুল ওয়াহাব)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৩৩৫৮

মহা-পরিদর্শক, নিবন্ধন

নিবন্ধন অধিদপ্তর

১৪ আব্দুল গনি রোড, ঢাকা।

নং: ১০.০০.০০০০.১৩১.১১.০১.৯৫(১)-৭৮

সংসদ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ধারণা

১. প্রোগ্রামার (রেজি.) আইন ও বিচার বিভাগ।

২. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।

৩. প্রিন্সিপাল কপি/গার্ড ফাইল।

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৩ জুন ২০২৬

(মোঃ আবদুল ওয়াহাব)

সিনিয়র সহকারী সচিব